

গসিপ

থেমে গেছে চডুইভাতি নিবে গেছে ইলেকট্রিক বাতি
লাটে উঠল হল্লাহাসি, রাস্তা বন্ধ বাস নেই একটাও
ঘিরে আসে আধো - আলো গুটিগুটি তিন মেয়ে জনাচার ছেলেকে
এবার কী হবে বলো শূনশান্ প্রকৃতিবন্ধু পলাশতলিতে

তারা সব গোল হয়ে হাতে হাত বসে গাইবে আমরা করব ওভারকাম
নিশ্চয়...
নাকি এই বন্ধু ক-টি ডালপালা আঙুন জেলে আরাধনা ফিল্মের কোন্
ভুলে---
কিংবা ব্রহ্ম মেয়েগুলি সহসা হরিণী, আর ছেলেবন্ধু অন্ধকারে বোবা?
আশপাশের গাঁ - গঞ্জ থেকে সাধারণ ছেলে য়েঁসে উশ্কে উঠবে ধর্ষণক
ারীতে?

কোন্ ছক গড়ে উঠবে? অথবা নকশাটি ভেঙে নতুন পদ্ধতি হবে শু
প্রকৃতি ঘটনা গড়বে, মানুষ চালিত করবে, নাকি নিয়ন্ত্রিত করবে মানুষের
প্রকৃতি?

তার চেয়ে বড় কথা, কালকের খবরে উঠবে? কী কী উঠবে? প্রতারণা?
কারসাজি? মিস্‌ম্যাচ?

তার চেয়ে বড় কথা, আসলে যা ঘটবে তা কীভাবে
স্বীকার করবে গা - ছমছমে রহস্যকাহিনী---

সুতপা সেনগুপ্ত

